৩৭

আজকের কাগজ

তারিখ 10 JUL 1995

পৃষ্ঠা ৮ কলাম ৭

…দ প্রশ্নোত্তর

# …প্রাথমিক শিক্ষাদানে নিয়োজিত প্রতিষ্ঠানের সংখ্যা ৭৪ হাজার ১শ' ৭০টি

**কাগজ প্রতিবেদক** : সংসদে প্রশ্নোত্তরের জবাবে শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার বলেছেন, দেশে প্রাথমিক শিক্ষাদানে নিয়োজিত প্রতিষ্ঠনের সংখ্যা ৭৪ হাজার ১শ' ৭০টি। এ পর্যন্ত দেশের এক হাজার ইউনিয়নের ১২ হাজার ১শ' ৮২টি শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির আওতায় আনা হয়েছে। এই কর্মসূচির আওতায় দেশের ১৬ লাখ ২৮ হাজার ৬শ' ৫৯ জন ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে।

অপর এক প্রশ্নের জবাবে সমাজ কল্যাণ প্রতিমন্ত্রী ফজলুর রহমান বলেছেন, দেশে নিবন্দিকৃত এতিমখানার সংখ্যা ১ হাজার ২শ' ৭৬টি। অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশে নিবন্ধিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৬ হাজার ৫শ' ৫৭টি। এতে নিয়োজিত শিক্ষকের সংখ্যা ৬৬ হাজার ২শ' ২৮ জন।

সংসদে জরুরি জনগুরুত্ব সম্পন্ন বিষয়ে আনীত দুটো মনোযোগ আকর্ষণী নোটিস বিবেচনা করা হয়। সাংসদ মশিউর রহমান তার নোটিসে ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ড থানা সদরে একটি ফায়ার বিগ্রেড ষ্টেশন স্থাপনের জন্যে মনোযোগ আকর্ষণ করেন। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশে ফায়ার ষ্টেশনের সংখ্যা ১শ' ১৮টি